গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: "হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ) (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটির ৮ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২০-০৯-২০২১।
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (উন্নয়ন-২), পাসম জানান যে, ৯৯৭৫৫.০০ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত। আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্প কাজের বাস্তব অগ্রগতি ৮১.৫০% এবং আর্থিক অগ্রগতি ৭৬.৭৯%।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্ট এবং ভিডিও ডকুমেন্টরি প্রদর্শনের মাধ্যমে প্রকল্পের হালনাগাদ তথ্য ও সার্বিক অগ্রগতি উপস্থাপন করেন। তিনি জানান, প্রকল্পটি ১৩টি নতুন হাওর এবং ১৪টি পুনর্বাসন উপ-প্রকল্পসহ মোট ২৭টি উপ-প্রকল্প নিয়ে গঠিত। প্রকল্প এলাকা ১,৭২,৮৩৩ হেক্টর ব্যাপী বিস্তৃত। প্রকল্পের প্রধান উদ্দেশ্য আগাম বন্যা হতে বোরো ফসল রক্ষা এবং কৃষি প্রবর্ধনের মাধ্যমে এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন করা। আগাম বন্যা হতে বোরো ফসল রক্ষার্থে প্রতিটি নতুন হাওর উপ-প্রকল্পের চতুরদিকে ডুবন্ত বাঁধ নির্মাণ, নিষ্কাশনের জন্য হাওরের অভ্যন্তরে বিভিন্ন খাল/নদী পুনঃখনন, বাঁধের বিভিন্ন স্থানে রেগুলেটর, কজওয়ে, বক্স ড্রেনেজ আউটলেট, Flood Fuse ইত্যাদি নির্মাণ করা হচ্ছে। এছাড়া, বোরো ফসলে সেচ সুবিধা দেয়ার জন্য ডুবন্ত বাঁধের বিভিন্ন স্থানে কৃষকদের চাহিদা অনুযায়ী সেচ ইনলেট নির্মাণের সংস্থান রাখা হয়েছে।

০৩। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান (সম্প্রসারণ কর্মকর্তা) প্রকল্পের জীবনযাত্রার মান উন্নয়ন অংশের চলমান বিভিন্ন কার্যক্রম উপস্থাপন করেন। তিনি জানান-

(ক) প্রকল্প এলাকায় মোট পরিবার প্রধানের (খানার) সংখ্যা ৩,১৫,৩০৭ জন, তন্মধ্যে গঠিত ২৫৪ টি পানি ব্যবস্থাপনা দলে ৮৩৫১৯ জন পুরুষ ও ৭০,১৪১ জন মহিলা সদস্য পদ গ্রহণ করেছেন।

(খ) SIGS (Small Income Generation Sub-Projects) কার্যক্রমের আওতায় দুঃস্থ মহিলা, স্বামী পরিত্যাক্তা, বিধবা এবং সাধারণ দুঃস্থ কৃষকদের ১০,৩০৮ জনের মাঝে কৃষি সামগ্রীও সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

(গ) APSS (Agriculture Promotion Support Sub projects) কার্যক্রমে চাষাবাদ প্রযুক্তি বিষয়ে ২৯,৩১৪ জনকে ওসমন্বিত খামার ব্যবস্থাপনা বিষয়ে ৭,৭১০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১২,৭২২ জন কৃষককে বোরো ধান প্রদর্শনী প্লট স্থাপনে সহায়তা করা হয়েছে।

(ঘ) পানি ব্যবস্থাপনা সংগঠনের (WMG) ব্যবস্থাপনা কমিটির সদস্যদেরকে সাংগঠনিকভাবে শক্তিশালী করার জন্য এ পর্যন্ত ১১,৫৭৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০৪। প্রকল্পের পরিচালক এ পর্যায়ে প্রকল্পের জমি অধিগ্রহণের বিষয়ে বিস্তারিত অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান, মোট জমি অধিগ্রহণের চাহিদা ৪২৭.৫৭ হেক্টর যার মধ্যে চূড়ান্ত অনুমোদিত হয়েছে ২২৬.৮১ হেক্টর (৫৩%)। জমির তফসিল চূড়ান্তকরণ এ প্রয়োজনীয় সংশোধনে বিলম্ব হওয়ায় এবং COVID-19 অতিমারীর কারণে মার্চ, ২০২০ হতে দাপ্তরিক কার্যক্রম ব্যহত হওয়ায় প্রকল্পের জমি অধিগ্রহণ সমাপ্ত করা সম্ভব হয়নি। অধিগ্রহণ সম্পন্নকরণ ও অধিগ্রহণ পরবর্তী সংশ্লিষ্ট প্যাকেজের কাজ সম্পাদনের জন্য জুন, ২০২৩ পর্যন্ত বর্ধিত করা প্রয়োজন।

০৫। প্রকল্প পরিচালক আরো জানান, জুন, ২০২১ পর্যন্ত প্রকল্পের সর্বমোট ৫৬টি প্যাকেজের মধ্যে ৩৩টি প্যাকেজের কাজ সম্পন্ন হয়েছে, অবশিষ্ট ২৩টি প্যাকেজের কাজ চলমান। প্রকল্পের সকল প্যাকেজের কাজ সমাপ্ত না হওয়ায় এবং COVID-19 এর কারণে সমাবেশ, কর্মশালা প্রশিক্ষণ ইত্যাদি বন্ধ থাকার দরুন WMG/WMA গঠন সমাপ্ত না হওয়ায় প্রকল্পের আওতাভূক্ত সমস্ত অবকাঠামোর পরিচালন ও রক্ষণাবেক্ষণ এর জন্য WMG/WMA এর নিকট হস্তান্তর সম্ভব হয়নি। এমতাবস্থায়, অবকাঠামোসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ এর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও হস্তান্তর প্রক্রিয়া সমাপ্ত করার জন্য অতিরিক্ত সময় প্রয়োজন।

০৬। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, হাওরের যে সকল স্থানে ডুবন্ত বাঁধ রয়েছে সে সকল স্থান বারবার পানিতে তলিয়ে যাবার ফলে Wave action, Afal, wind velocity, Flow path ইত্যাদির কারণে ভাঙন কবলিত হয়, উক্ত স্থানসমূহে গত ২০২০-২১ অর্থ বছরের সাফল্যের ন্যায় ডুবন্ত বাঁধে Slop Protection করা যেতে পারে। তিনি জানান, জুন, ২০২১ পর্যন্ত সম্পাদিত ৩৩টি প্যাকেজসহ মোট সাশ্রয়কৃত টাকা প্রায় ৫৪.০০ কোটি। এ ক্ষেত্রে কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগাধীন ৪টি হাওরে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়েরএর মাধ্যমে প্রায় ১০.০০ কি.মি. বাঁধ Strengthen করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন।

৭। সভায় যুগ্মসচিব (পরিকল্পনা) জানান, মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদনের আলোকে বাঁধে কৃষকদের চলাচলের সুবিধার্থে লোকালয়ের কাছে বাঁধে স্থাপিত ব্লকগুলোর উপর নীচ করে সাজিয়ে যথেষ্ট সংখ্যক সিড়ির ব্যবস্থা এবং হাওর এলাকায় বজ্রপাতের হাত হতে রক্ষার জন্য বাঁধের উপরে নির্ধারিত দূরত্বে প্রয়োজনীয় সংখ্যক Thunder Storm Arrester স্থাপন করা প্রয়োজন।

০৮। সভাপতি বলেন, প্রকল্পের মেয়াদ ০৭ (সাত) বছর অতিবাহিত হয়ে বর্তমানে ৮ম বছরে চলমান রয়েছে; এ পর্যায়ে প্রকল্পের Impact Assessment করা প্রয়োজন। এছাড়াও সভাপতি প্রকল্পের ডুবন্ত বাঁধের বিভিন্ন স্থানে পানি সহণীয় যেমন-হিজল, তমাল এবং উচু স্থানে তাল জাতীয় বৃক্ষ পর্যাপ্ত পরিমাণে রোপনসহ কয়েকটি নার্সারী নির্মাণের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন, বিস্তীর্ণ এ হাওরে মাত্র ৫টি Threshing and Drying Floor যা অপ্রতুল। হাওর অঞ্চলের যে সকল Village platform রয়েছে এ প্রকল্পের মাধ্যমে তা আরো উন্নত ও সুরক্ষা প্রদান এবং Threshing and Drying Floor এর সুবিধা সম্প্রসারণ এর বিষয়ে ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন।

০৯। <u>সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়</u>:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
(ক)	চলতি অর্থবছরের মধ্যে সকল জমি অধিগ্রহণ চূড়ান্তকরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক।
(খ)	প্রকল্পের Impact Assessment এর উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
(গ)	হাওর এলাকায় বজ্রপাতের হাত থেকে রক্ষার জন্য বাঁধের উপরে নির্ধারিত দূরত্ব বজায় রেখে প্রয়োজনীয় সংখ্যাক Thunder Storm Arrester স্থাপন।	প্রকল্প পরিচালক
(ঘ)	ডুবন্ত বাঁধে পানি সহনীয় বিভিন্ন গাছ যেমন-হিজল, তমাল, করচ এবং উচু জায়গায় বজ্র নিরোধক হিসেবে তালগাছ ইত্যাদি লাগানোসহ উপযুক্ত স্থানে কয়েকটি নার্সারী স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক

(ঙ)	প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সমাপ্তকৃত প্যাকেজসমূহের সাশ্রয়কৃত অর্থ এর মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের এর মাধ্যমে নিম্নলিখিত কার্যসমূহ সম্পাদন করতে হবে। 1. Village platform এর আদলে Threshing and Drying Floor এর সুবিধা সম্প্রসারণ এবং এক্ষেত্রে প্রতিটি Threshing and Drying Floor এ বজ্রপাত ঝুঁকি হ্রাসের জন্য Lighting Arrester সংযোজনসহ Shed, Tube well & Sanitary Latrine (পুরুষ ও মহিলাদের আলাদা) ইত্যাদি সুবিধা সংযোজন। 2. কিশোরগঞ্জে ৪টি হাওরে ডুবন্ত বাঁধের Slop Protection কাজ এর ব্যবস্থা গ্রহণ।	প্রকল্প পরিচালক ও পরিকল্পনা উইং, পাসম।
(চ)	প্রকল্পটি সমাপ্ত করার লক্ষ্যে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও পরিকল্পনা উইং, পাসম।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.২৪.০১০.১৪(অংশ-১)-৩৪৪

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১২) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) Mr. Md. Fakhrul Abedin, Co-Team Leader-2, ‘‘হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ)’’ শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ‘‘হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ) (২য় সংশোধিত)’’ শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
১৮) প্রকল্প পরিচালক, এইচ এফ এম এল আইপি (স্থানীয় সরকার অংশ), লেভেল-১১, স্থানীয় সরকার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৯) জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
২০) জেলা প্রশাসক, নেত্রকোণা।

২১) জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

২২) জেলা প্রশাসক, হবিগঞ্জ।

২৩) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২৬) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৭) Mr. Yasuhiro Kawazoe, Senior Representative, Japan International Cooperation Agency (JICA), Bangladesh Office, Gulshan-1, Dhaka.

২৮) Mr. Takumi Tsuchiya, Representative, Japan International Cooperation Agency (JICA), Bangladesh Office, Gulshan-1, Dhaka.

২৯) Mr. Anisuzzaman Chowdhury, Program Manager, Social Development Sector (Disaster Management Climate Change & Rural Water Resources), Japan International Cooperation Agency (JICA), Bangladesh Office, Gulshan-1, Dhaka.

৩০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৩১) নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ।

৩২) নির্বাহী প্রকৌশলী, ‘‘হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ) (২য় সংশোধিত) ’’ শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

৩৩) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব